



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
[www.pmeat.gov.bd](http://www.pmeat.gov.bd)



স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/০৫/১(৫৯৭)

তারিখ: ০৫.০১.২০২৩ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের ৬ষ্ঠ থেকে ১০ম এবং ১২শ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের উপবৃত্তি প্রাপ্ত ৬ষ্ঠ থেকে ১০ম এবং ১২শ শ্রেণির ৪৫% এর নিচে কম নম্বর প্রাপ্তি, ৭৫% এর নিচে ক্লাসে উপস্থিতি, শেষ একাডেমিক স্তর ৮ম/১০ম/১২শ ও অন্যান্য কারণে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

২। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের ৬ষ্ঠ থেকে ১০ম এবং ১২শ শ্রেণির জুলাই-ডিসেম্বর/২০২২ কিষ্টির উপবৃত্তি বিতরণের লক্ষ্যে বর্ণিত কারণে অযোগ্য শিক্ষার্থীদের HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ আগামী ১৮.০১.২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সম্পূর্ণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নয় অথবা ভুয়া (যদি থাকে) শিক্ষার্থীদের অবশ্যই নিষ্ক্রিয় করতে হবে। এছাড়াও, উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বর সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইপূর্বক নিশ্চিত হতে হবে।

৩। শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করে নিষ্ক্রিয় করার নিয়মাবলী:

- মেনুবারে “উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী” বাটনে ক্লিক করুন;
- “শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন” বাটনে ক্লিক করুন;
- ‘খুঁজুন’ বাটনে ক্লিক করুন;
- যে সকল শিক্ষার্থী অযোগ্য তাদের “সম্পাদন” (কলম আইকন) বাটনে ক্লিক করুন;
- “শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস” অপশনে ড্রপডাউন বক্সে “নিষ্ক্রিয়” অপশন সিলেক্ট করুন;
- স্ট্যাটাস পরিবর্তনের কারণ অর্থ্যাৎ ৪৫% এর নিচে কম নম্বর প্রাপ্তি, ৭৫% এর নিচে ক্লাসে উপস্থিতি, শেষ একাডেমিক স্তর ৮ম/১০ম/১২শ ও অন্যান্য কারণে ঝরে পড়ার কারণ সিলেক্ট করতে হবে;
- পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের কারণ উল্লেখ করতে হবে;
- সর্বশেষ ‘সংরক্ষণ’ বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৪। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণের বিষয়টি নিশ্চিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণে ব্যর্থ হলে অথবা কোন অযোগ্য শিক্ষার্থী উপবৃত্তি পেলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বা শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS-এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে [mis.hsp@pmeat.gov.bd](mailto:mis.hsp@pmeat.gov.bd) ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (উপসচিব)  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/০৫(০১৯/২(০৪))

তারিখ: ০৫.১২.২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
- ০৬। টীম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৯। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
- ১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কর্মসূচিভুক্ত), সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং HSP-  
MIS-এ 'শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন' অপশন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উন্মুক্তকরণের অনুরোধসহ)
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সংরক্ষণ নথি।



(মোঃ তোফিক এরফান)

সহকারী পরিচালক (প্রশাসন)

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট